একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
e-mail: dmss@dgfood.gov.bd
web:www.dgfood.gov.bd


# বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) জানানো যাচ্ছে যে, যেহেতু, আদালতের স্থিতাবস্থা থাকায় প্রতিযোগিতামূলক পদ্ধতিতে নতুন করে (কেন্দ্রীয় সড়ক পরিবহণ) ঠিকাদার নিয়োগ করা সম্ভব নয় বিধায় সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়ের ০৪/১২/২০১৮ খ্রি. তারিখের ২১.০০.০০০০.৩৬৪.২২. ৯৪৩.১৭-১৮৯ নং স্মারকের আইনগত পরামর্শ এবং খাদ্য মন্ত্রণালয়ের ১৮/১২/২০১৮ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৭.৩৪.০০১.১৩-২৫৫ নং স্মারকের নির্দেশনা মোতাবেক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৭৬(১)(ক) অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে সরাসরি ক্রয় পদ্ধতির সরাসরি চুক্তির (Direct Contracting) অনুসরণে বিদ্যমান পরিবহণ ঠিকাদারদের সঙ্গে ভবিষ্যত কার্য সম্পাদনের জন্য ইতোপূর্বেকার চুক্তি অনুযায়ী ঠিকাদারদের প্রদত্ত সেবা ক্রয়কারীর কাছে সন্তোষজনক প্রতিপন্ন হওয়া সাপেক্ষে নিগোসিয়েশনকৃত সংশোধিত চুক্তিমূল্যে (বিধি-১৬(৫ক)) ঠিকাদার নিয়োগের বিষয়ে খাদ্য মন্ত্রণালয়ের ০৩/০৬/২০১৯ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৭.৩৪.০০১.১৩-৮৩ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

সেহেতু, সিপিটিইউ এর আইনগত পরামর্শ, খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা ও প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) ভবিষ্যত কার্যসম্পাদনের জন্য ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখে খাদ্য অধিদপ্তর এবং ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) প্রতিনিধিদের সাথে নিগোসিয়েশনের আলোকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্তমানে কর্মরত আগ্রহী ঠিকাদারদের নিকট হতে ০১ নং হতে ১০ নং লটে ০১/১০/২০১৯ খ্রি. হতে ৩০/০৬/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত মেয়াদে খাদ্যশস্য পরিবহণের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তসমূহঃ**

০১। ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে বর্তমানে কর্মরত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারগণ (সিআরটিসি) ২২/০৯/২০১৯ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বেলা-২.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন;

০২। পিপিআর এর বিধি-৭৬(১)(ক) ও বিধি ৩৮(১৩) অনুযায়ী বর্তমানে কর্মরত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) ০১/১০/২০১৯ খ্রি. হতে ৩০/০৬/২০২০ খ্রি. পর্যন্ত বর্তমানে কর্মরত চুক্তিবদ্ধ দরে কার্য সম্পাদিত হবে;

০৩। ০১/০৭/২০১৮ খ্রি. হতে ৩১/০৮/২০১৯ খ্রি. পর্যন্ত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) অনুকূলে জারীকৃত কেন্দ্রীয় চলাচল সূচির ৭৫% পরিবাহিত খাদ্যশস্য সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে ঠিকাদার নির্বাচন করা হবে;

০৪। ইতিপূর্বে মামলা মোকদ্দমায় দোষী সাব্যস্ত হয়েছে/মালামাল পরিবহণের ক্ষেত্রে খাদ্য বিভাগীয় তদন্তে দোষী সাব্যস্ত হয়েছে/ আর্থিকভাবে কার্য সম্পাদনে অযোগ্য প্রমাণিত হয়েছে, এরূপ আগ্রহী ঠিকাদার চুক্তি সম্পাদনে অযোগ্য হিসেবে বিবেচিত হবেন;

০৫। ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য/ ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের বর্ধিত মেয়াদের জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের সাথে স্বাক্ষরিত চুক্তির শর্ত বলবৎ থাকবে।

০৬। আবেদনকারী ঠিকাদারকে তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এবং নিজ স্বাক্ষরে হালনাগাদ তথ্য সম্বলিত আবেদন করতে হবে;

০৭। ঠিকাদারের পক্ষে এভিডেভিট বা প্রতিনিধিত্বমূলক কোন আবেদন গ্রহণযোগ্য নয়;

০৮। অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য করা হবে;

০৯। মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদনপূর্বক নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদান করা হবে;

১০। চুক্তি সম্পাদন পূর্বে সিডিউল ব্যাংক হতে চুক্তি সম্পাদন জামানত বাবদ ২,০০,০০০/- (দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের চুক্তি সম্পাদন জামানত বাবদ দাখিলকৃত ২,০০,০০০/- (দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সমন্বয় করা যাবে;

১১। সিডিউল ব্যাংক হতে পণ্যের নিরাপত্তা জামানত বাবদ ২,০০,০০০/- (দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০/০৯/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত) দাখিল করতে হবে অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের পণ্যের নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত ২,০০,০০০/- (দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০/০৯/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত) সমন্বয় করা যাবে;

১২। নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদানের পর নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক স্ট্যাম্প ও চুক্তি সম্পাদন জামানত এবং পণ্যের নিরাপত্তা জামানত প্রদান করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে;

১৩। খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট হতে আবেদনপত্র (ফরম এস-১) ও আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-২) ডাউনলোড করে পূরণপূর্বক জমা দিতে হবে;

১৪। মৃত্যুজনিত/ অন্যান্য কারণে যে সকল কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে, সে সকল প্রতিষ্ঠানসমূহের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-২

**আবেদনে সাথে যে সকল কাজপত্র দাখিল করতে হবেঃ**

০১। আবেদনপত্র (ফরম এস-০১);
০২। আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২);
০৩। জাতীয় পরিচয় পত্র;
০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স;
০৫। ২০১৮-২০১৯ কর বছরের আয়কর সনদ;
০৬। সদ্য তোলা পাসপোর্ট আকারের ০১(এক) কপি রঙিন ছবি;
০৭। ৩০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অতীত দায় দেনার হলফনামা (নোটারিকৃত/প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদানকৃত) (প্রযোজ্য ক্ষেত্রে);
০৮। চুক্তি সম্পাদন জামানত ও পণ্যের নিরাপত্তা জামানত সমন্বয় করা সংক্রান্ত আবেদন (প্রযোজ্য ক্ষেত্রে);

উপরোক্ত শর্ত সাপেক্ষে আগামী ২২/০৯/২০১৯ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বেলা-২.০০ টা পর্যন্ত চাহিত কাগজ পত্রাদিসহ আবেদনপত্র চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে। ঐ দিন বিকাল ২.৩০ ঘটিকায় আবেদনপত্র কারিগরি সাব কমিটি কর্তৃক যাচাই বাচাই করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

স্বাঃ
(আব্দুল্লাহ আল মামুন)
পরিচালক
ফোনঃ০২-৯৫৫০২৭৬

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৪৯.০১৩.১৯-৩৪১(১১৮৭)
তারিখঃ ০৮/০৯/২০১৯খ্রি.

অনুলিপিঃ সদয়অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংরাদেশ সচিবালয়, ঢাকা;
০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
০৩। মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলানগর, ঢাকা;
০৪। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
০৫। পরিচালক, প্রশাসন/সংগ্রহ/হিসাব ও অর্থ/পউকা/সববি/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
০৬। প্রধান মিলার, পোস্তগোলা আধুনিক সরকারি ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা;
০৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট সিআরটিসি ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
০৮। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ২৯৯, পশ্চিম জুরাইন (নতুন রাস্তা), ঢাকা;
০৯। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/মোংলা;
১০। সিনিয়ার তথ্য অফিসার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; (বিজ্ঞপ্তি, ফরম এস-১ ও ফরম এস-২ ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।) .
১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)......(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট সিআরটিসি ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
০৯। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট সিআরটিসি ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
১০। ব্যবস্থাপক/এসএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).........;
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন, ১৭/২, তোপখানা রোড, ঢাকা; (সংশ্লিষ্ট সিআরটিসি ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
১২। মেসার্স.........................................., কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার, ................., ..........................................................................................;
১৩। নোটিশ বোর্ড;
১৪। অফিস কপি।

৮/৯/২০১৯
পরিচালক
ফোনঃ০২-৯৫৫০২৭৬

# আবেদনপত্র (ফরম এস-০১)

প্রাপকঃ

পরিচালক
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা।

বিষয়ঃ ---------------------------------- **নং লটে নিয়োগের লক্ষ্যে কাগজ পত্র দাখিল ও অঙ্গীকারনামা প্রদান।**

সূত্রঃ বিজ্ঞপ্তি নম্বর ১৩.০১.০০০০.০৮১.৪৯.০১৩.১৯-৩৪১ তারিখ-০৮/০৯/২০১৯ খ্রি.

প্রিয় মহোদয়,

আপনার ...../০৯/২০১৯ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার ও তদসম্পর্কীত সেবার লট নম্বর ... ........................................................ এর জন্য আহবানকৃত বিজ্ঞপ্তির বিষয়ে সম্যক জ্ঞাত হয়েছি। এতদ্বারা আমি/আমরা /আমাদের বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক প্রদত্ত কাগজপত্র অত্রসাথ............কপি দলিল দাখিল করছি।

কর্তৃপক্ষ আমাদের নিগোসিয়েশনকৃত ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের দর গ্রহণ করে কার্যাদেশ প্রদান করলে তা আমি/আমরা গ্রহণে বাধ্য থাকব এবং কার্যাদেশ প্রদান করলে পারফরমেন্স সিকিউরিটি বাবদ ২,০০,০০০/- (দুই লাখ) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার প্রদান করব অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের চুক্তি সম্পাদন জামানত বাবদ দাখিলকৃত ২,০০,০০০/- (দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সমন্বয় করব। এছাড়া পণ্যের নিরাপত্তা জামানত বাবদ ২,০০,০০০/- (দুই লাখ) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০/০৯/২০২০ খ্রি. পর্যন্ত) প্রদান করব অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের পণ্যের নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত ২,০০,০০০/- (দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০/০৯/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত) সমন্বয় করব মর্মে প্রতিজ্ঞা করছি।

স্বাক্ষরঃ-.................................

সংযুক্তঃ মোট পাতা।

মালিক/ব্যবস্থাপনা পরিচালক/

অংশীদার এর নামঃ

প্রতিষ্ঠানের নামঃ

প্রতিষ্ঠানের সীলঃ

তারিখঃ

**সংযুক্ত সত্যায়িত কাগজপত্রাদিঃ**

০১। আবেদনপত্র (ফরম এস-০১)
০২। আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২)
০৩। জাতীয় পরিচয় পত্র;
০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স;
০৫। ২০১৮-১৯ কর বছরের দাখিলকৃত আয়কর সনদ;
০৬। সদ্য তোলা পাসপোর্ট আকারের ০১(এক) কপি রঙিন ছবি।
০৭। ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প অতীত দায় দেনার হলফনামা;
০৮। চুক্তি সম্পাদন জামানত ও পণ্যের নিরাপত্তা জামানত সমন্বয় করা সংক্রান্ত আবেদন;

# <u>আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২)</u>

| | | | |
|---|---|---|---|
| বিজ্ঞপ্তি নং | : | ১৩.০১.০০০০.০৮১.৪৯.০১৩.১৯-৩৪১(১১৮৭) | তারিখঃ ০৮/০৯/২০১৯ খ্রি. |
| চুক্তিবদ্ধ লট নং | : | | |

| ১.০ | **ঠিকাদারের তথ্যাদি** | |
|---|---|---|
| ১.১ | কর্মরত ও আগ্রহী লটের নং | |
| ১.২ | মালিক/ব্যবস্থাপনা পরিচালক /ব্যবস্থাপনা অংশীদারের স্থায়ী ঠিকানা | |
| ১.৩ | ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম ও ব্যবসায়িক ঠিকানা | |
| ১.৪ | কোন তারিখ থেকে কর্মরত আছে /চুক্তির তারিখ ও প্রতিষ্ঠানের ক্রঃনং | |
| ১.৫ | জাতীয় পরিচয় পত্র নং | |
| ১.৬ | ফোন/ফ্যাক্স | |
| | মোবাইল নং- | |
| | ই-মেইল | |
| ১.৭ | হালনাগাদ ট্রেড লাইসেন্স এ তথ্য (মেয়াদ) | |
| | | |

ঠিকাদারের স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠানের সিল